**63/1 (SEM–3) CC6/BENHC3066**

**2022**

( Held in 2023 )

BENGALI

Paper : BENHC3066

**( Bhashar Itibritta O Bhashatattya )**

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি বেছে নিয়ে লেখ : ১×৬=৬

(ক) বাংলা ভাষার আদি উৎস কী?

(i) দ্রাবিড়

(ii) ককেশীয়

(iii) ইন্দো-ইউরোপীয়

(iv) অস্ট্রিক

(খ) তৎসম শব্দ কোনটি?

(i) কেষ্ট

(ii) জল

(iii) খিদে

(iv) চেয়ার

(গ) মধ্য বাংলার কালসীমা কত?

(i) ৯০০–১২০০ খ্রিস্টাব্দ

(ii) ১৩৫০–১৭৬০ খ্রিস্টাব্দ

(iii) ১২০০–১৩৫০ খ্রিস্টাব্দ

(iv) ১৫০০–১৭৬০ খ্রিস্টাব্দ

(ঘ) বোড়ো, নাগা, গারো কোন্ ভাষাবংশের অন্তর্গত?

(i) ভোট-চীনীয়

(ii) সেমীয়-হামীয়

(iii) ইন্দো-ইউরোপীয়

(iv) আল্‌তাইক্

(ঙ) দেশি>দিশি—ধ্বনি পরিবর্তনের কোন্ সূত্র প্রয়োগ করা হয়েছে?

(i) অপিনিহিতি

(ii) সমীভবন

(iii) স্বরভক্তি

(iv) স্বরসঙ্গতি

(চ) বাংলার উপভাষা কোনটি?

(i) বোড়ো

(ii) অসমিয়া

(iii) কামরূপী

(iv) ওড়িয়া





২। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) দুটি দেশি শব্দের উদাহরণ দাও।

(খ) ভাষা কি?

(গ) অভিশ্রুতির দুটি উদাহরণ দাও।

(ঘ) বঙ্গালী উপভাষার ভৌগোলিক অবস্থান নির্ণয় করো।

(ঙ) তৎসম শব্দ কয় প্রকার ও কি কি?

৩। নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০

(ক) ভোট-চীনীয় ভাষাবংশ সম্পর্কে আলোচনা করো।

(খ) টীকা লেখো : অর্থবিস্তার ; অর্থসংশ্লেষ।

(গ) সমীভবনের সংজ্ঞা নির্দেশ করো। বিভিন্ন প্রকার সমীভবনের উদাহরণ দাও।

(ঘ) রাঢ়ী উপভাষার পাঁচটি লক্ষণ লেখো।

(ঙ) টীকা লেখো : বরেন্দ্রী উপভাষা।

(চ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করো।

(ছ) উদাহরণসহ অপিনিহিতির সংজ্ঞা নির্দেশ করো।

(জ) তদ্ভব শব্দ কি ও শ্রেণী বিভাজন করো।

(ঝ) টীকা লেখো : স্বরভক্তি।

৪ । নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লিপিবদ্ধ করো।

(খ) সাধু ও চলিত ভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(গ) বাংলা শব্দ ভাণ্ডার সম্পর্কে আলোচনা করো।

৫ । নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪

(ক) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(খ) মধ্য ভারতীয় আর্যভাষার লক্ষণগুলি আলোচনা করো।

★★★